গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৯.২০১৫-৭৮৫ তারিখঃ৩১.১০.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ গণপতি বিশ্বাস (৪৩৭৬৩), সহযোগী অধ্যাপক (ডেন্টিষ্ট্রি), (সাময়িকভাবে বরখাস্তকৃত) ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ গণপতি বিশ্বাস (৪৩৭৬৩) ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপন প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে ৩১.১২.২০১৪খ্রিঃ তারিখ হতে ২৮.০১.২০১৬ তারিখ পর্যন্ত কর্মকালীন সময়ে ১৬৬টি যন্ত্রপাতি ডিপিপির মূল্যের চেয়ে ৪১,১৩,৭০,৭৩৫ (একচল্লিশ কোটি তের লক্ষ সত্তর হাজার সাতশত পঁয়ত্রিশ) টাকা বেশি মূল্যে ক্রয়/সংগ্রহ করায় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ লংঘন করায় চরম আর্থিক অনিয়ম সংঘটিত হয়েছে;

যেহেতু, আপনি পিপিআর-২০০৮ এর বিধি ১৬(১) অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়ন করেননি এবং পিপিআর-২০০৮ অনুসরণে টেন্ডার ওপেনিং কমিটি গঠন করেননি এবং আপনি ক্রয়কারী বিধি ৯৭(৪)(চ) অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ সীট প্রস্তত না করায় এবং ৯৭(৭) বিধি অনুসরণে উপস্থিত দরপত্রদাতা বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক দরপত্র উন্মুক্তকরণ সীট স্বাক্ষর না করে পিপিআর-২০০৮ লংঘন করেছেন;

যেহেতু, আপনি আপনার কর্মকালীন সময়ে ''দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত প্রতিবেদন'' আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও পিপিআর-২০০৮ এর বিধি ৩৬(৩)ক(২) অনুযায়ী মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ না করায় দরদাতাদের চুক্তি সম্পাদনের নোটিশ জারী ও চুক্তি সম্পাদন করায় ক্রয় প্রক্রিয়াটি বিধি সম্মত ও বৈধ হয়নি;

যেহেতু, পিপিআর-২০০৮ এর বিধি ৩৭(১) অনুযায়ী চুক্তি মূল্য ১(এক) কোটি টাকা এবং তদূর্ধ্ব মূল্যের হওয়ায় ক্রয়কারী কর্তৃক চুক্তি সম্পাদনের নোটিশ সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের বিধান থাকলেও আপনি তা করেননি;

যেহেতু, আপনার কর্তৃক আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও পিপিআর-২০০৮ এর বিধি ৩৬ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতিত চুক্তি সম্পাদন নোটিশ ইস্যু, চুক্তিপত্র স্বাক্ষর, মালামাল গ্রহণ ও বিল পরিশোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিধি বহির্ভূত সম্পন্ন হয়েছে।

যেহেতু, আপনি বিধি বহির্ভূতভাবে মূল্যায়ন কমিটি কর্তৃক অগ্রহণযোগ্য (Non-Responsive) দরপত্রগুলোকে গ্রহণযোগ্য (Responsive) দরপত্র হিসেবে মূল্যায়ন করেছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

২৭/১০/১৬
(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব

ডাঃ গণপতি বিশ্বাস (৪৩৭৬৩)
সহযোগী অধ্যাপক (ডেন্টিষ্ট্রি)(সাময়িকভাবে বরখাস্তকৃত)
ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর।
(স্থায়ী ঠিকানাঃ-পিতা-গোপাল চন্দ্র বিশ্বাস, গ্রাম-জঙ্গলগ্রাম, ডাকঘর-জঙ্গলবাজার, রাজবাড়ি-৭৭৩০)।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৯.২০১৫-৭৮৫/১(৬) তারিখঃ৩১.১০.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
৩। উপসচিব (পার-১/ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। পরিচালক, ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৩১/১০/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdjsc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ গণপতি বিশ্বাস (৪৩৭৬৩) ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপন প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে ৩১.১২.২০১৪খ্রিঃ তারিখ হতে ২৮.০১.২০১৬ তারিখ পর্যন্ত কর্মকালীন সময়ে ১৬৬টি যন্ত্রপাতি ডিপিপির মূল্যের চেয়ে ৪১,১৩,৭০,৭৩৫ (একচল্লিশ কোটি তের লক্ষ সত্তর হাজার সাতশত পঁয়ত্রিশ) টাকা বেশি মূল্যে ক্রয়/সংগ্রহ করায় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ লংঘন করায় চরম আর্থিক অনিয়ম সংঘটিত হয়েছে;

যেহেতু, আপনি পিপিআর-২০০৮ এর বিধি ১৬(১) অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়ন করেননি এবং পিপিআর-২০০৮ অনুসরণে টেন্ডার ওপেনিং কমিটি গঠন করেননি এবং আপনি ক্রয়কারী বিধি ৯৭(৪)(চ) অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ সীট প্রস্তুত না করায় এবং ৯৭(৭) বিধি অনুসরণে উপস্থিত দরপত্রদাতা বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক দরপত্র উন্মুক্তকরণ সীট স্বাক্ষর না করে পিপিআর-২০০৮ লংঘন করেছেন;

যেহেতু, আপনি আপনার কর্মকালীন সময়ে ''দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত প্রতিবেদন'' আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও পিপিআর-২০০৮ এর বিধি ৩৬(৩)ক(২) অনুযায়ী মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ না করায় দরদাতাদের চুক্তি সম্পাদনের নোটিশ জারী ও চুক্তি সম্পাদন করায় ক্রয় প্রক্রিয়াটি বিধি সম্মত ও বৈধ হয়নি;

যেহেতু, পিপিআর-২০০৮ এর বিধি ৩৭(১) অনুযায়ী চুক্তি মূল্য ১(এক) কোটি টাকা এবং তদূর্ধ্ব মূল্যের হওয়ায় ক্রয়কারী কর্তৃক চুক্তি সম্পাদনের নোটিশ সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের বিধান থাকলেও আপনি তা করেননি;

যেহেতু, আপনার কর্তৃক আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও পিপিআর-২০০৮ এর বিধি ৩৬ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতিত চুক্তি সম্পাদন নোটিশ ইস্যু, চুক্তিপত্র স্বাক্ষর, মালামাল গ্রহণ ও বিল পরিশোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিধি বহির্ভূত সম্পন্ন হয়েছে।

যেহেতু, আপনি বিধি বহির্ভূতভাবে মূল্যায়ন কমিটি কর্তৃক অগ্রহণযোগ্য (Non-Responsive) দরপত্রগুলোকে গ্রহণযোগ্য (Responsive) দরপত্র হিসেবে মূল্যায়ন করেছেন;

আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য।

আপনি আপনার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

৩০/১১/১০/১৬

(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১৬- ৭১৭ তারিখঃ ৩১.১০.২০১৬খ্রিঃ।

বিষয়ঃ ডাঃ রফিক-উস-সালেহীন (১১২১০৬), সহকারী সার্জন, ঢেমুশিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চকরিয়া, কক্সবাজার এর যোগদানপত্র গ্রহণ।।

সূত্রঃ (১) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম এর ৩০.০৫.২০১৬ তারিখের পঃস্বাঃচঃ/এএস/প্রশা-১৬/৯৫৯২নং পত্র।
(২) স্বাস্থ্য অধিদপ্তরের ০২.১০.২০১৬ তারিখের ডিজিএইচএস/পার-২/আর-৪২/০৫/১৩১৫৬নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম এর ৩০.০৫.২০১৬খ্রিঃ তারিখের পঃস্বাঃচঃ/এএস/প্রশা-১৬/৯৫৯২নং পত্র এবং স্বাস্থ্য অধিদপ্তরের ০২.১০.২০১৬খ্রিঃ তারিখের ডিজিএইচএস/পার-২/আর-৪২/০৫/১৩১৫৬নং পত্রের পরিপ্রেক্ষিতে ডাঃ রফিক-উস-সালেহীন (১১২১০৬), সহকারী সার্জন, ঢেমুশিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চকরিয়া, কক্সবাজার এর ০৯.০৫.২০১৬খ্রিঃ তারিখের যোগদানপত্র গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১/১০/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)
চট্টগ্রাম বিভাগ
চট্টগ্রাম।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১৬- ৭১৭/১(৮) তারিখঃ ৩১.১০.২০১৬খ্রিঃ।

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া, কক্সবাজার।
৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চকরিয়া, কক্সবাজার।
৭। ডাঃ রফিক-উস-সালেহীন (১১২১০৬), সহকারী সার্জন, ঢেমুশিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চকরিয়া, কক্সবাজার।
৮। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩১/১০/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৫.২০১৬-৭৬৬ তারিখঃ ১৮.১০.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ মোহাম্মদ সাইদুল হক (১০৯৭৭০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোহাম্মদ সাইদুল হক (১০৯৭৭০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০৫.০৯.২০১২খ্রিঃ তারিখ হতে ২৭.০৮.২০১৬খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মোহাম্মদ সাইদুল হক (১০৯৭৭০)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
(স্থায়ী ঠিকানাঃ- ৩৮, শুক্রাবাদ, ডাকঘর+থানা-মোহাম্মদপুর, ঢাকা)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৫.২০১৬-৭৬৬/১(৪) তারিখঃ ১৮.১০.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

ডাঃ মোহাম্মদ সাইদুল হক (১০৯৭৭০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০৫.০৯.২০১২খ্রিঃ তারিখ হতে ২৭.০৮.২০১৬খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। আপনার উপরিল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব